# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ১২৭২(১২৫০) তারিখঃ ২২/১১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। দেশের সম্ভাবনাময় CMS খাতে ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে সহায়ক জামানত গ্রহণের বিষয়টি একটি উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা হিসেবে কাজ করছে। এ খাতে প্রান্তিক পর্যায়ের অনেক গ্রাহকের ঋণ/বিনিয়োগ পরিশোধের সামর্থ থাকলেও কেবলমাত্র সহায়ক জামানতের অভাবে ঋণ/বিনিয়োগ গ্রহন করতে পারছেন না। অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) শিল্প উদ্যোক্তাদের সক্ষমতা অক্ষুন্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কর্মে বহাল রাখার প্রয়োজনে ব্যাংকিং ব্যবস্থা হতে জামানতবিহীন ঋণ প্রদানের মাধ্যমে ক্ষুদ্র শিল্পের কাঙ্খিত বিস্তার, কর্মসংস্থান সৃষ্টি তথা অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৩, তারিখঃ ২৭/০৭/২০২০ মূলে 'ক্রেডিট গ্যারান্টি স্কীম' চালু করা হয়েছে। 'ক্রেডিট গ্যারান্টি স্কীম' এর বাস্তবায়ন এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুসরনের জন্য বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ০৩/১১/২০২০ এর মাধ্যমে "Manual of Credit Gurantee Scheme" জারী করা হয়েছে। যা অত্র বিভাগের পত্র নং-২৯৩ ও ১১৯০, তারিখ যথাক্রমে ১০/০৮/২০২০ ও ১২/১১/২০২০ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রাথমিকভাবে ক্রেডিট গ্যারান্টি স্কীম টি সরকার ঘোষিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার প্রণোদনা প্যাকেজের ক্ষেত্রে চালু হলেও পরবর্তীতে ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুন:অর্থায়ন স্কীম ও আর্থিক সেবাভূক্তি খাতে এফআইডি-১ স্কীমকে ক্রেডিট গ্যারান্টি স্কীম এর অর্ন্তভূক্ত করা হয়েছে। আলোচ্য স্কীম সমূহের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহন চুক্তি সম্পাদন করা হয়েছে। গ্যারান্টির জন্য ঋণ/বিনিয়োগ সুবিধার পরিমাণ হবে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা এবং সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকা (চলতি মূলধন ঋণের ক্ষেত্রে), ০৩ (তিন) কোটি টাকা (মেয়াদী ঋণের ক্ষেত্রে)। তবে আর্থিক সেবাভূক্তি খাতে এফআইডি-১ এর আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধার পরিমাণ হবে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা (একক গ্রাহকের ক্ষেত্রে) এবং সদস্য প্রতি সর্বোচ্চ ৪ (চার) লক্ষ টাকা করে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা (২-৫ সদস্যের সমম্বয়ে গঠিত গ্রুপ ঋণের ক্ষেত্রে)।

০৪। উল্লেখিত প্যাকেজসমূহে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে যথাযথ উদ্যোক্তা নির্বাচন পূর্বক প্রস্তাব অত্র বিভাগের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরন করতে হবে। বাংলাদেশ ব্যাংক হতে গ্যারান্টি রেজিষ্টেশন প্রাপ্তির পর ঋণ মঞ্জুরী ও বিতরনের ব্যবস্থা গ্রহন করতে হবে। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরনপূর্বক আলোচ্য স্কীমের আওতায় আবেদন প্রেরনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

চলমান পাতা-০২

বিষয় ঃ কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ৯২৭২(১২৫০) তারিখঃ ২২/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
22/11/2022
( মুহাম্মদ মোশাররফ হোসেন )
সহকারী মহাব্যবস্থাপক